

া সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ২৭৮২

৫৬/ জিহাদ ও যুদ্ধকালীন আচার ব্যবহার (کتاب الجهاد والسیر) পরিচ্ছেদঃ ৫৬/১. জিহাদ ও যুদ্ধের ফ্যীলত।

بَابُ فَضْل الْجِهَادِ وَالسِّير

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ صَبَّاحٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَابِقٍ حَدَّثَنَا مَالِكُ بْنُ مِغْوَلٍ قَالَ سَمِعْتُ الْوَلِيْدَ بْنَ الْعَيْزَارِ ذَكَرَ عَنْ أَبِيْ عَمْرِو الشَّيْبَانِيِّ قَالَ قَالَ عَبْدُ اللهِ بْنُ مَسْعُوْدِ سَأَلْتُ رَسُوْلَ اللهِ أَيُّ الْعَمَلِ أَفْضَلُ قَالَ الصَّلَاةُ عَلَى رَسُوْلَ اللهِ أَيُّ الْعَمَلِ أَفْضَلُ قَالَ الصَّلَاةُ عَلَى مَيْقَاتِهَا قُلْتُ ثُمَّ أَيُّ قَالَ اللهِ فَسَكَتُ عَنْ مَسُوْلِ اللهِ فَيْ سَبِيْلِ اللهِ فَسَكَتُ عَنْ رَسُوْلِ اللهِ صلى الله عليه وسلم وَلَوْ اسْتَزَدْتُهُ لَزَادَنِي

বাংলা

وَقَوْلِ اللهِ تَعَالَى) إِنَّ اللهَ اشْتَرٰى مِنَ الْمُؤْمِنِيْنَ أَنْفُسَهُمْ وَأَمْوْلَهُمْ بِأَنَّ لَهُمْ الْجَنَّةَ يُقْتِلُوْنَ فِيْ سَبِيْلِ اللهِ فَيَقْتُلُوْنَ وَيُوْلِ اللهِ فَاسْتَبْشِرُوْا بِبَيْعِكُمْ الَّذِيْ بِيَعْتُمْ بِهِ وَيُقْتَلُوْنَ وَعْدًا عَلَيْهِ حَقًّا فِي التَّوْرَةِ وَالْإِنْجِيْلِ وَالْقُرْانِ وَمَنْ أَوْفَى بِعَهْدِهِ مِنْ اللهِ فَاسْتَبْشِرُوْا بِبَيْعِكُمْ الَّذِيْ بِيَعْتُمْ بِهِ وَيُقْرِدُونَ اللهِ فَاسْتَبْشِرُوْا بِبَيْعِكُمْ الَّذِيْ بِيَعْتُمْ بِهِ (إِلَى قَوْلِهِ وَبَشِّرِ الْمُؤْمِنِيْنَ (قَالَ ابْنُ عَبَّاسٍ الْحُدُوْدُ الطَّاعَةُ)

আল্লাহ্ তাআলার বাণীঃ নিশ্চয় আল্লাহ খরিদ করে নিয়েছেন মু'মিনদের থেকে তাদের জান ও তাদের মাল এর বিনিময়ে য়ে, অবশ্যই তাদের জন্য রয়েছে জায়াত। তারা যুদ্ধ করে আল্লাহর পথে, কখনও হত্যা করে এবং কখনও নিহত হয়। তাওরাত, ইঞ্জীল ও কুরআনে এ সম্পর্কে সত্য ওয়াদা রয়েছে। আল্লাহর চাইতে নিজের ওয়াদা অধিক পালনকারী আর কে আছে? সুতরাং তোমরা আনন্দ কর তোমাদের সে সাওদার জন্য যা তোমরা তাঁর সাথে করেছ। আর তা হল বিরাট সাফল্য। তারা তাওবাকারী, 'ইবাদাতকারী, আল্লাহর প্রশংসাকারী, রোযাদার, রুক্'কারী, সিজদাকারী, ভাল কাজের আদেশদাতা, মন্দ কাজে বাধা প্রদানকারী এবং আল্লাহর নির্ধারিত সীমারেখা হিফাযাতকারী; (এসব গুণে গুণান্বিত) মুমিনদেরকে আপনি খোশখবর শুনিয়ে দিন। (আত তওবা্ ১১১-১২) ইবনু 'আব্বাস রাঃ) বলেন, ঠিকিটা এথ (আল্লাহর) আনগত্য।

২৭৮২. 'আবদুল্লাহ্ ইবনু মাস'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আল্লাহর রাসূল (সাল্লাল্লাহ্ আলাইহি



ওয়াসাল্লাম)-কে জিজ্ঞেস করলাম, 'হে আল্লাহর রাসূল! কোন্ কাজ সর্বোত্তম?' তিনি বললেন, 'সময় মত সালাত আদায় করা।' আমি বললাম, 'অতঃপর কোনটি?' তিনি বলেন, 'অতঃপর পিতা-মাতার সঙ্গে সদাচরণ করা।' আমি বললাম, 'অতঃপর কোনটি?' তিনি বললেন, 'আল্লাহর পথে জিহাদ।' অতঃপর আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-কে আর কিছু জিজ্ঞেস না করে আমি চুপ রইলাম। আমি যদি আরো বলতাম, তবে তিনি আরও অধিক বলতেন। (৫২৭) (আধুনিক প্রকাশনীঃ ২৫৭৬, ইসলামিক ফাউন্ডেশনঃ ২৫৮৮)

English

Narrated `Abdullah bin Masud:

I asked Allah's Messenger (ﷺ), "O Allah's Messenger (ﷺ)! What is the best deed?" He replied, "To offer the prayers at their early stated fixed times." I asked, "What is next in goodness?" He replied, "To be good and dutiful to your parents." I further asked, what is next in goodness?" He replied, "To participate in Jihad in Allah's Cause." I did not ask Allah's Messenger (ﷺ) anymore and if I had asked him more, he would have told me more.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন